



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১৯৬৭৪



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশাসন/২৩৩২০১০৯৩৯৪১/গাজীপুর-১১১/৩৮৪৯/৭

তারিখ: ০৪.০২.২০২০খ্রি.

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন পটকা দাখিল মাদ্রাসার অনলাইনে দাখিলকৃত ম্যানেজিং কমিটিতে বিভিন্ন অনিয়মের বিষয়ে প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য দাবীদার জনাব মো: মহিউদ্দিন অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উক্ত কমিটি গঠনে বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করেছেন (অভিযোগের কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।


০৪.০২.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

০৪/০২/২০২০

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর।

নং- বামাশিবো/প্রশাসন/২৩৩২০১০৯৩৯৪১/গাজীপুর-১১১/৩৮৪৯/৭

তারিখ: ০৪.০২.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর;
৩. সভাপতি, পটকা দাখিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর;
৪. সুপার, পটকা দাখিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর;
৫. জনাব মো: মহিউদ্দিন (অভিযোগকারী), শ্রীপুর, গাজীপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
দক্ষশিক্ষাজ্ঞান, ঢাকা।

বিষয়ঃ গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার পটকা দাখিল মাদ্রাসা তফসীলে অনিয়ম, ত্রুটিপূর্ণ ভোটার তালিকা মাধ্যমে ম্যানেজিং কমিটি ২০১৯ এর প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ মহিউদ্দিন, পটকা দাখিল মাদ্রাসা শ্রীপুর, গাজীপুর এর একজন প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য। বিগত ২৩/১২/২০১৯ ইং তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শ্রীপুর, গাজীপুর পটকা দাখিল মাদ্রাসা ম্যানেজিং কমিটি নির্বাচনের জন্য তফসীল ঘোষণা করেন। উক্ত তফসীলের নির্বাচনে তারিখ নির্ধারিত হয় ২৩/১/২০২০ ইং তারিখে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা, (গভর্নিং ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর অনুচ্ছেদ ৭(১)(ঙ) তে বলা আছে যে নবম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের মহিলা অভিভাবকগণের মধ্য হইতে সকল অভিভাবকের ভোটে নির্বাচিত একজন সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য নির্বাচিত হইবে। ইহা ছাড়াও চূড়ান্ত ভোটার তালিকায় দশম শ্রেণীর ছাত্র ছাত্রীদের অভিভাবকদের ভোটার তালিকার অন্তর্ভুক্ত করা হয় যা আইনের পরিপন্থী। এই সকল অনিয়ম জ্ঞাত হওয়ার পর একজন দাতা ও প্রতিষ্ঠাতা হিসেবে ম্যানেজিং কমিটি নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্বে ০৮/০১/২০২০ ইং তারিখে মাধ্যমিক উপজেলা শিক্ষা অফিসার ও প্রিজাইডিং অফিসার, পটকা দাখিল মাদ্রাসা ম্যানেজিং কমিটি নির্বাচন ২০১৯ বরাবর উপরোক্ত উল্লেখিত অনিয়মের বিষয়ে জানানো হয় এবং তফসীল সংশোধন পূর্বক নির্বাচন স্থগিত করা অনুরোধ জানানো হয়। কিন্তু অতীবও পরিতাপের বিষয় এই যে, ০৮/০১/২০২০ ইং তারিখের চিঠি দেওয়ার পরেও কোন ব্যবস্থা গ্রহণ না করায় প্রিজাইডিং অফিসার নির্বাচন অনুষ্ঠানের সকল কার্যক্রম গ্রহণ করেন বিধায় অন্য কোন ব্যবস্থা না পেয়ে আমার পক্ষে বিত্ত আইনজীবী মোহাম্মদ মেহেদী হাসান বিগত ২১/১/২০২০ তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও প্রিজাইডিং অফিসার ম্যানেজিং কমিটি নির্বাচন ২০১৯ পটকা দাখিল মাদ্রাসা শ্রীপুর, গাজীপুর বরাবর আইনগত নোটিশ প্রেরণ করি এবং উল্লেখিত আইনগত নোটিশ আপনার বরাবর ও রেজিষ্টার বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডকে প্রদান করা হয়। এই মর্মে যে, বিগত ২৩/০১/২০২০ ইং অনুষ্ঠান স্থগিত প্রসঙ্গে। কিন্তু প্রিজাইডিং অফিসার শত বাঁধা সত্ত্বেও অবৈধ তফসীল ও ত্রুটিপূর্ণ ভোটার তালিকার মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত করেন যা আইনগত কোন ভিত্তি নাই।

অতএব, আপনার নিকট বিনীত নিবেদন এই যে, বিগত ২৩/০১/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটি নির্বাচন বাতিল পূর্বক কমিটির অনুমোদন না দেওয়ার অনুরোধ এবং সূচ তদন্তের মাধ্যমে উপরোক্ত উল্লেখিত অনিয়মের ব্যাপারে ব্যবস্থা গ্রহণে নির্দেশ দিতে মর্জি হয়।

নিবেদক
মোঃ মহিউদ্দিন
(মোঃ মহিউদ্দিন) ২৬/১/২০

সংযুক্তিঃ

- ১। নির্বাচনের তফসিল।
- ২। চিঠি ০৮/০১/২০২০ ইং।
- ৩। লিগ্যাল নোটিশ।

তারিখ : ২৬-১-২০২০।

১০৫১০৪৩১৮৭১৬৭৬

— এই প্রার্থনা চাই

প্রার্থনা চাই যে: Prayer : Prayer : Prayer

১০৫১০৪৩১৮৭১৬৭৬

— এই প্রার্থনা চাই